# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮২৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে যে, হাদীসটি হয়তো আমাদের উল্লেখিত আবূ সা’ঈদ খুদরীর হাদীসের বিপরীত

## ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْحَدِيثِ أَنَّهُ مُضَادٌّ لِخَبَرِ أَبِي سَعِيدٍ الذي ذكرناه

আরবী

1826 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ وَيَعْقُوبُ الدَّوْرَقِيُّ قَالَا: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَخْبَرَنَا هَمَّامٌ وَأَبَانُ جَمِيعًا عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ يَقْرَأُ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ مِنَ الظُّهْرِ وَالْعَصْرِ بِفَاتِحَةِ الْكِتَابِ وَسُورَةٍ ويُسمعنا الْآيَةَ أَحْيَانًا وَيَقْرَأُ فِي الرَّكْعَتَيْنِ الأخريين بفاتحة الكتاب.

الراوي : أَبُو قَتَادَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1826 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (763)

বাংলা

১৮২৬. আবূ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যোহর ও আসরের সালাতের প্রথম দুই রাকা‘আতে সূরা ফাতিহা ও আরেকটি সূরা পড়তেন, তিনি মাঝে মাঝে আয়াত আমাদের শুনাতেন, আর শেষ দুই রাকা‘আতে শুধু সূরা ফাতিহা পড়তেন।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৫০৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৭২; সহীহ মুসলিম: ৪৫১; দারেমী: ১/২৯৬; আবূ দাঊদ: ৭৯৯; আবূ আওয়ানা: ২/১৫১; সুনান বাইহাকী: ২/৬৩; সহীহ আল বুখারী: ৭৭৬;

ইবনুল জারূদ: ১৮৭; নাসাঈ: ১/১৬৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৬৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91042

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন